

কওমি শিক্ষার্থীর জ্ঞানে জাতি সমৃদ্ধ হবে

আ ফ ম খালিদ হোসেন, ধর্ম উপদেষ্টা

নিজস্ব প্রতিবেদক

০৬ মে ২০২৫, ১২:০০ এএম



ধর্ম উপদেষ্টা ড. আ ফ ম খালিদ হোসেন বলেছেন, কওমি শিক্ষার্থীদের জ্ঞান ও কর্মদক্ষতা জাতিকে সমৃদ্ধ করবে। তাদের নৈতিক শিক্ষা ও সৃজনশীলতাকে পরিকল্পিতভাবে কাজে লাগানো সন্তুষ্ট হলে দেশ এগিয়ে যাবে। গতকাল সোমবার বিকালে সচিবালয়ে উপদেষ্টার সঙ্গে আল-হাইয়াতুল উলিয়ার একটি প্রতিনিধি

UNIBOTS

দলের সাক্ষাৎকালে তিনি এসব কথা বলেন। এ সময় কওমি মাদ্রাসার স্বীকৃত সনদ বাস্তবায়নের বিষয়ে ধর্ম উপদেষ্টার সহায়তা কামনা করে প্রতিনিধি দল। এ বিষয়ে ধর্ম উপদেষ্টা বলেন, সরকার কওমি মাদ্রাসার স্বীকৃত সনদ বাস্তবায়নের বিষয়ে অত্যন্ত আন্তরিক। তবে একটি সুনির্দিষ্ট রূপরেখার মাধ্যমে এ বিষয়ে অগ্রসর হওয়া প্রয়োজন। সে লক্ষ্যে সরকার কাজ করছে। এ সনদ বাস্তবায়নে সর্বোচ্চ সহযোগিতার আশ্বাস দেন তিনি।

আল-হাইয়াতুল উলিয়ার কো-চেয়ারম্যান আল্লামা শেখ সাজিদুর রহমানের নেতৃত্বে এ প্রতিনিধি দলের অন্যান্য সদস্য হলেন-
বসুন্ধরা রিসার্চ সেন্টারের পরিচালক মাওলানা মুফতি আরশাদ রাহমানী, বেফাকুল মাদারিসের মহাসচিব মাওলানা
মাহফুজুল হক, মাওলানা মুছলেহ উদ্দিন রাজু, মাওলানা বাহাউদ্দিন জাকারিয়া, মাওলানা আব্দুল বছীর, মাওলানা মুফতি
মোহাম্মাদ আলী ও মাওলানা নেয়ামাতুল্লাহ আল ফরীদী প্রমুখ। উল্লেখ্য, আল-হাইয়াতুল উলিয়া কওমি মাদ্রাসা শিক্ষা
বোর্ডগুলোর সর্বোচ্চ পরিষদ। নিজস্ব প্রতিবেদক